

## WEST BENGAL STATE UNIVERSITY

B.A. Honours 5th Semester Examination, 2020, held in 2021



# BNGACOR11T-BENGALI (CC11)

পরীক্ষার্থীদের নিজের ভাষায় যথাসম্ভব শব্দসীমার মধ্যে উত্তর দিতে হবে।

Time Allotted: 2 Hours
প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি প্রশ্নের মান নির্দেশ করে।

Full Marks: 50

প্রতিটি একক থেকে *একটি* করে মোট *চারটি প্রশ্নে*র (অনধিক ৩০০ শব্দে) উত্তর দাওঃ

\$0 ×8 = 80

20

20

50

## একক - ১

(ক) 'এই প্রথম ঐতিহাসিক উপন্যাস লিখিলাম'— বঙ্কিমচন্দ্রের এই বক্তব্যের প্রেক্ষিতে 'রাজসিংহ'-কে একটি ১০ সফল ঐতিহাসিক উপন্যাস বলা যায় কি-না আলোচনা করো।

#### TO 1-34

(খ) 'জেবউন্নিসা সম্রাট প্রাসাদের অবরুদ্ধ অচেতন আরামগর্ভ হইতে তীব্র যন্ত্রণার পর ধুলায় ভূমিষ্ঠ হইয়া উদার জগতীতলে জন্মগ্রহণ করিল। এখন হইতে সে অনন্ত জগৎবাসিনী রমণী।'— এই উক্তির ইঙ্গিত অনুসরণ করে 'রাজসিংহ' উপন্যাসের জেবউন্নিসা চরিত্রটির পরিণতি বিশ্লেষণ করো।

### একক - ২

(গ) রাজনৈতিক উপন্যাস হিসেবে শরৎচন্দ্রের 'পথের দাবী' কতখানি সার্থকতা অর্জন করেছে – সে বিষয়ে তোমার মতামত জানাও।

### অথবা

(ঘ) দ্বন্দ্ব থেকে উত্তরণের অ-পূর্ব আখ্যান অপূর্ব চরিত্রটিকে কেন্দ্র করে রচিত হয়েছে। — শরৎচন্দ্রের 'পথের দাবী' অনুসরণে মন্তব্যটির যথার্থতা নির্দেশ করো।

#### একক – ৩

(ছ) তারাশঙ্করের 'গণদেবতা' উপন্যাসের নামকরণের সার্থকতা বিচার করো। প্রসঙ্গত, 'গণদেবতা' ও ১০ 'চণ্ডীমণ্ডপ' -এ দুটি শিরোনামের মধ্যে কোন্টি সার্থকতর তা' বিশ্লেষণ করে দেখাও।

#### অথবা

(চ) দেবু ঘোষের আদর্শবাদের বৃত্তটি বিচিত্র ঘটনা-সংঘাতের মধ্যে দিয়ে কীভাবে ক্রমপ্রসারিত হয়েছে তা দেখাও।

#### একক - ৪

(ছ) 'পদ্মানদীর মাঝি' উপন্যাসে জেলেদের জীবন-চিত্রণে ঔপন্যাসিকের দৃষ্টিভঙ্গির পরিচয় দাও।

20

20

# CBCS/B.A./Hons./5th Sem./BNGACOR11T/2020, held in 2021

#### অথবা

- (জ) 'বাংলা উপন্যাসের নারী চরিত্র সৃষ্টির ধারাবাহিকতায় কপিলা চরিত্র মানিক বন্দ্যোপাধ্যায়ের এক মৌলিক ১০ সংযোজন।' — আলোচনা করো।
- ২। নিম্নলিখিত যে-কোনো দুটি প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাওঃ (প্রতিটি উত্তরের শব্দসংখ্যা অনধিক ১৫০ হবে) ৫×২=১০
  - (ক) 'যাহাকে আমার বিবাহ করিতে ইচ্ছা করে, তাহার চিত্র ত তুমি পা দিয়া ভাঙ্গিয়া ফেলিয়াছ।' ১+১+১+২
    - কে, কাকে, কোন্ প্রসঙ্গে একথা বলেছে ? বক্তার অভিপ্রায়টি ব্যক্ত করো।
  - (খ) 'কিন্তু আমি বলি তাতে কাজ নেই ভারতী এঁর ভার নিন। এই দুর্বল মানুযটিকে একটু মজবুত করে গড়ে ১+১+১+২ তুলুন। কি বল সুমিত্রা ?'
    - কার সম্পর্কে এই উক্তি ? বক্তা কে ? প্রসঙ্গ উল্লেখ করে বক্তার এইরূপ সিদ্ধান্তগ্রহণের কারণ ব্যাখ্যা করে।
  - ্গ) `আজিকার এই ক্ষুদ্র ঘটনাটি যেন বটবৃক্ষের অতিক্ষুদ্র একটি বীজকণার সঙ্গে তুলনীয়। কিন্তু সেই এক কণার ২+৩ মধ্যেই লুকাইয়া আছে এক বিরাট মহীরুহের সম্ভাবনা।`
    - 'ক্ষুদ্র ঘটনাটি' কী ? 'বিরাট মহীরুহের সম্ভাবনা'-এর নিহিত ব্যঞ্জনাটি পরিস্ফুট করো।
  - ্ঘ) `বিপদে আপদে মুখ চাহিবার একজন আছে কুবেরের, তার কাছে গিয়া দাঁড়াইবে।'

7+8

- কুবেরের 'একজন' কে ? কীভাবে সে কুবেরের একজন হয়ে উঠেছে তা' সংক্ষেপে লেখো।
- N.B.: Students have to complete submission of their Answer Scripts through E-mail / Whatsapp to their own respective colleges on the same day / date of examination within 1 hour after end of exam. University / College authorities will not be held responsible for wrong submission (at in proper address). Students are strongly advised not to submit multiple copies of the same answer script.